গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।

## হাট-বাজার ও কুলঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত নীতিমালা মোতাবেক নিম্নবর্ণিত শর্তে সরিষাবাড়ী উপজেলার বিভিন্ন হাট-বাজার ও কূলঘাট ১৪২৫ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছরের জন্য ইজারা গ্রহণের লক্ষ্যে ইজারা বন্দোবস্ত গ্রহণ করতে ইচ্ছুক ইজারাদার/ঠিকাদার/ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরযুক্ত বদ্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, কোন পর্যায়ে চাহিদা মোতাবেক দরপত্র পাওয়া না গেলে পরবর্তী পর্যায়ের পার্শ্বে উল্লিখিত তারিখে সিডিউল বিক্রি এবং গ্রহণ করা হবে কোন পর্যায়ে কাঙ্খিত দর পাওয়া গেলে পরবর্তী পর্যায়সমূহে উক্ত হাট-বাজার ও কূলঘাট ইজারার সিডিউল বিক্রয়/গ্রহণ করা হবেনা এবং গ্রহণযোগ্য বিবেচিত হবেনা।

### হাট/বাজারের বিবরণ

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট/বাজারের নাম | কাঙ্খিত সরকারি মূল্য | সিডিউলের মুল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১। | পোগলদিঘা | বয়ড়া হাট | ১,১২,০৬৭/- | ১০০০/- | |
| ০২। | পোগলদিঘা | তারাকান্দি বাজার | ১০,৯০০/০০ | ৫০০/- | |
| ০৩। | ভাটারা | ভাটারা বাজার | ১,৬৭,৩০০/- | ১,০০০/- | |
| ০৪। | পিংনা | গোপালগঞ্জ হাট | ২০,১৫,৩৩৩/- | ৪৮০০/- | |
| ০৫। | পিংনা | পিংনা দৈনিক বাজার | ২৩,১৬৭/- | ৫০০/- | |
| ০৬। | ডোয়াইল | ডোয়াইল হাট | ১৬,৮০০/- | ৫০০/- | |
| ০৭। | ডোয়াইল | চাঁপারকোণা হাট | ১৬,৩৩৩/- | ৫০০/- | |
| ০৮। | আওনা | কাবারিয়াবাড়ী হাট | ২০৬৭/- | ৫০০/- | |
| ০৯। | আওনা | যমুনা হাট | ৪৮,৮৩৩/- | ৫০০/- | |
| ১০। | মহাদান | সেঙ্গুয়া হাট | ১,০৪,৭০০/- | ১০০০/- | |

### কুলঘাটের বিবরণ

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | কুলঘাটের নাম | কাঙ্খিত সরকারি মূল্য | সিডিউলের মুল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | আওনা ও পিংনা | আওনা/পিংনা কুলঘাট। | ২,৩৩,৫৬৫/- | ১২০০/- | |
| ২। | গোপলদিঘা | বয়ড়া কুলঘাট | ১,২৭,২৩৪/- | ১০০০/- | |

দরপত্রের সিডিউল ও অন্যান্য কাগজপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সরিষাবাড়ী, সহকারী কমিশনার(ভূমি), সরিষাবাড়ী এর কার্যালয়, সোনালী ব্যাংক উপজেলা কমপেক্স শাখা,সরিষাবাড়ী এবং জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর, হতে নির্ধারিত তারিখ সমূহে অফিস চলাকালীন নির্ধারিত টাকা নগদ মূল্যে(অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র গ্রহণের তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্র সমূহ নির্ধারিত তারিখ সমূহে জেলা প্রশাসকের কার্যালয়,জামালপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সরিষাবাড়ী ও সহকারী কমিশনার(ভূমি), সরিষাবাড়ী এর অফিসে রক্ষিত নির্ধারিত টেন্ডার বাক্সে দুপুর ১.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকেল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে(যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

দরপত্র ক্রয়, গ্রহণ ও খোলার তারিখ এবং সময় ঃ

| দরপত্র নং | দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ সময় ঃ অফিস চলাকালীন | দরপত্র দাখিল ও খোলার তারিখ সময় ঃ গ্রহণ ঃ দুপুর ১.০০টা পর্যন্ত খোলা ঃ বিকেল ৪.০০টা |
|---|---|---|
| ১ম | ২৫/০২/২০১৮ খ্রিঃ | ২৬/০২/২০১৮ খ্রিঃ |
| ২য় | ০৪/০৩/২০১৮ খ্রিঃ | ০৫/০৩/২০১৮ খ্রিঃ |
| ৩য় | ১১/০৩/২০১৮ খ্রিঃ | ১২/০৩/২০১৮ খ্রিঃ |

১৪২৫ বাংলা সনের হাট-বাজার ও কূলঘাট ইজারার শর্তাবলী ঃ

১. বাংলা ১৪২৫ সনের ১ বৈশাখ হতে ১৪২৫ সনের ৩০ চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ও কূলঘাট ইজারা দেওয়া হইবে।

২. দরপত্রদাতাকে হাটবাজারের দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরে ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূল জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। কূলঘাটের ক্ষেত্রে ২৫% অর্থ জমা দিতে হবে কোন জামানত প্রয়োজন নেই।

৩. যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে। অন্যথায় হাটবাজারের/কূলঘাটের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪. প্রাপ্ত দরের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের/কূলঘাটের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুরায় দরপত্র আহবান করা হইবে।

৫. এক হাট-বাজারের/কূলঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের/কূলঘাটের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপ্রত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের/কূলঘাটের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্রদাতাকে সীলমোহরকৃত খামের উপর হাটবাজারের/কূলঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাটবাজারে/কূলঘাটে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৭. প্রত্যেক হাটবাজারের/কূলঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার/কূলঘাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

৯. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১১. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার/কূলঘাট ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১২. হাট-বাজারের/কূলঘাটের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৩. কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর
ফোন-০৯৮২৭-৫৬০১৮
unosarishabar1@gmail.com

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.১৮-২৫১ তারিখ ঃ ০৮/০২/২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল ঃ

১। মাননীয় সংসদ সদস্য ১৪১, জামালপুর-৪।
৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। পুলিশ সুপার, জামালপুর।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
৬। মেয়র, সরিষাবাড়ী পৌরসভা।

অনুলিপি বহুল প্রচারের জন্য ঃ

১। সহকারী কমিশনার (ভূমি), সরিষাবাড়ী।
২। অফিসার ইনচার্জ, সরিষাবাড়ী থানা।
৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সরিষাবাড়ী।
৪। চেয়ারম্যান/সচিব............................................................................ ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী।
৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...................................................ইউনিয়ন ভূমি অফিস। তাকে সংশিষ্ট হাট-বাজারে ঢোল সহরত করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৬। জনাব...........................................................................
৭। এ অফিসের নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী , জামালপুর।